

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মেরিন ফিশারিজ একাডেমি
মৎস্য বন্দর, চট্টগ্রাম

ভিজিটিং লেকচারার প্যানেলভুক্তকরণ বিজ্ঞপ্তি

মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম এ বিএসসি (পাস) নটিক্যাল, মেরিন ইঞ্জিনিয়ারিং ও মেরিন ফিশারিজ কোর্সে ক্যাডেটদের পাঠদানের নিমিত্তে নিম্নবর্ণিত বিষয়সমূহের জন্য ভিজিটিং লেকচারার প্যানেলভুক্ত করা হবে। প্যানেলভুক্ত ভিজিটিং লেকচারারগণকে সপ্তাহে এক বা একাধিক ক্লাস পরিচালনা করতে হবে এবং এর বিপরীতে ক্লাস প্রতি সম্মানজনক সম্মানি প্রদান করা হবে। আগামী ২৮/০৪/২০১৬ তারিখের মধ্যে আত্মহী প্রার্থীদেরকে জীবনবৃত্তান্ত, ২ কপি পাসপোর্ট সাইজ ছবি ও শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসমূহের ছায়ালিপি সহ অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম বরাবরে আবেদন করতে হবে। প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে প্রার্থীদের প্রয়োজনীয় যোগ্যতার বিবরণী নিম্নরূপ হতে হবে :

ক্রঃ নং	পদ	পাঠদানের বিষয়	প্রয়োজনীয় যোগ্যতা
১.	ভিজিটিং লেকচারার	পদার্থবিদ্যা	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিদ্যা বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) অথবা স্নাতকোত্তর ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
২.	ভিজিটিং লেকচারার	পোর্ট, হারবার এন্ড এইচ আর (হিউম্যান রিসোর্স) ম্যানেজমেন্ট	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে মেরিটাইম/সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির ৪ বৎসরের স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রী অথবা কোনো একাডেমি/প্রতিষ্ঠান হতে মেরিটাইম বিষয়ে প্রফেশনাল সনদসহ সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ০৮ বছরের অভিজ্ঞতা অথবা পোর্ট ও শিপিং ম্যানেজমেন্টে স্টাডি অভিজ্ঞতাসহ এমবিএ ডিগ্রী। সংশ্লিষ্ট বিষয়ে শিক্ষকতায় অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে।
৩.	ভিজিটিং লেকচারার	বিতর্ক	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক ডিগ্রীসহ জাতীয় পর্যায়ে বিতর্ক প্রতিযোগিতায় সনদপ্রাপ্ত ও বিতর্ক প্রশিক্ষণ ক্লাবে প্রশিক্ষণ প্রদানের অভিজ্ঞতা। ইংরেজিতে বিতর্ক করার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেওয়া হবে।

২। উল্লেখ্য যে, সরকারী, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরির প্রার্থীকে সংশ্লিষ্ট দপ্তরের প্রধান হতে অনুমতি পত্র সংগ্রহ পূর্বক আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। একাডেমি সংক্রান্ত কোনো তথ্য জানতে হলে Browse করুন: <http://www.mfacademy.gov.bd> অথবা যোগাযোগ করুন: ০৩১-৬৩৪৩৭৫ নম্বরে।

অধ্যক্ষ